শিশু সুরক্ষা নীতিমালা

শান্তিমিত্র সমাজকল্যাণ সংস্থা
শান্তি নীড়, কাঁচিঝুলি, ময়মনসিংহ-২২০০

ধন্যবাদ জ্ঞাপন

প্রিয় সহকর্মীবৃন্দ,
কার্যনির্বাহী পর্ষদ শান্তিমিত্র সমাজকল্যাণ সংস্থার কর্মীবৃন্দ এবং সংস্থার জন্য 'শিশু সুরক্ষা নীতিমালা' প্রকাশ করতে পেরে আনন্দিত।

শিশুদের অধিকার নিশ্চিত করণ এবং নিরাপত্তার জন্য শান্তিমিত্র সবসময় 'শিশু নিরাপত্তা নীতিমালা' ব্যবহার করবে। কার্যনিবার্হী পর্ষদ ভবিষৎতে শিশুদের নিরাপত্তা ও সংস্থার সুবিদার্থে যে কোন নীতির পরিবর্তন, পরিবর্ধন বা সংশোধনের ক্ষমতা রাখে।

আমরা আশা করি, এই শিশু নিরাপত্তা নীতিমালা শিশুদের নিরাপত্তা বিধানে সহায়ক ভূমিকা পালন করবে।

নির্বাহী পরিচালক
শান্তিমিত্র সমাজকল্যাণ সংস্থা

সভাপতি
শান্তিমিত্র সমাজকল্যাণ সংস্থা

শিশু সুরক্ষা নীতিমালার উদ্দেশ্য/লক্ষ্য

শান্তিমিত্র সমাজকল্যাণ সংস্থার কার্যনির্বাহী পর্ষদ শিশুদের ক্ষতির হাত থেকে সুরক্ষার জন্য এই নীতিমালা প্রণয়ন করেছে যা সংস্থার জড়িত যে কোন ব্যক্তি তা মেনে চলতে বাধ্য। এই নীতিমালার মধ্য দিয়ে এমন আচরণবিধি প্রণয়ন করে যা শিশুদের উপযুক্ত পরিসেবা প্রদান করে এবং শিশুদের সাথে যথাযথ আচরণের বিষয়টি সুস্পষ্ট করে।

শিশু সুরক্ষা নীতিমালার ধারাসমূহ

ধারা নং: ১: শান্তি মিত্র সমাজকল্যাণ সংস্থার শিশু নিরাপত্তা/সুরক্ষা নীতিমালায় অন্তর্গত নির্দেশনাসমুহ অনুসরণ করে শিশু অধিকার বিষয়ে সমাজের অন্যান্য লোকদের জানাতে সক্রিয় ভুমিকা রাখা।

ধারা নং: ২: শিশুদের জাতি, ধর্ম, বর্ণ, লিঙ্গ, ভাষা, সংস্কৃতি রাজনৈতিক অথবা বিভিন্ন মতবাদ জাতীয়তা গোষ্ঠী বা সামাজিক পরিচয়, সম্পদ, প্রতিবন্ধিকতা বা জন্ম পরিচয় যাই হোক না কেন শিশুদের সমানভাবে মর্যাদা দেওয়া।

ধারা নং: ৩: শিশুদের সাথে এমন কোন ভাষা বা আচরণ না করা যা শিশুদের জন্য প্রযোজ্য নয়, উত্যক্ত উদ্রেক করে, অপমান জনক, যৌন উদ্দীপক বা সংস্কৃতিগত বেমানান।

ধারা নং: ৪: বহিরাগত পরিদর্শকগণ শিশুর বাড়ি পরির্দশনকালে শিশুর মাতাপিতা বা অভিভাবক, সমাজ নেতৃত্বদানকারী বা শন্তিমিত্র সমাজকল্যাণ সংস্থা এর কর্মী উপস্থিত থাকবে।

ধারা নং: ৫: নিজ (কর্মীর) বাসস্থানে শন্তিমিত্র সমাজকল্যাণ সংস্থা পরিচালিত প্রকল্পের কার্যক্রমে অংশগ্রহণকারী কোন শিশুকে সঙ্গীছাড়া দাওয়াত করব না বা বাসায় রাখবো না, যদি না তার শারীরিক জখম বা কোন বিশেষ কারণ না থাকে।

ধারা নং: ৬: কম্পিউটার, মোবাইল ফোন, ভিডিও ও ডিজিটাল ক্যামেরা যথাযথ কাজে ব্যবহার করা এবং শিশুদের ধারণকৃত ছবি অপব্যবহার বা অপমানজনক কাজে কোন প্রচার মাধ্যমে ব্যবহার না করা।

ধারা নং: ৭: সকল দেশের সঙ্গত আইন ও স্থানীয় আইন সহ শিশুশ্রম লেবার লো এর বিষয়টি মেনে চলতে বাধ্য থাকবে।

ধারা নং: ৮: শান্তিমিত্র সমাজকল্যাণ সংস্থার শিশু নিরাপত্তা নীতিমালা অনুসারে যে কোন শিশু সংক্রান্ত অপব্যবহার বা অভিযোগের তথ্য তাৎক্ষণিকভাবে (২৪ ঘন্টার মাঝে) সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে জানাতে হবে।

ধারা নং: ৯: শান্তিমিত্র সমাজকল্যাণ সংস্থা এর কার্যক্রমে অংশগ্রহণকারী শিশুদের সাথে অনৈতিক সম্পর্ক স্থাপন, এইধরনের সম্পর্ককে কোন প্রচার মাধ্যমে প্রদর্শন করা অপরাধ বলে গণ্য করা হবে এবং এই কাজের বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

ধারা নং : ১০: শান্তিমিত্র সমাজকল্যাণ সংস্থার কর্মকান্ডে জড়িত কোন শিশুর ছবি অসম্মান জনক ভাবে তোলা এবং সামাজিক মাধ্যম গুলোতে প্রকাশ ও প্রচার করা যাবে না।

ধারা নং: ১১: শান্তিমিত্র সমাজকল্যাণ সংস্থার কর্মরত কোন কর্মী গৃহস্থালির কাজে ব্যবহার এর জন্য কোন শিশুকে নিয়োগ করতে পারবে না। যদি বিয়য়টির সাথে শিশুদের বৃহত্তর স্বার্থ জড়িত থাকে এবং স্থানীয় আইনের সাথে সামাঞ্জস্য না থাকে ও সেকশন ১,২,৩ এ উল্লেখিত আন্তর্জাতিক আইনের সাথে সামাঞ্জস্য না থাকে তবেই বিষয়টি বিবেচনা করা যেতে পারে।

ধারা নং: ১২: শিশুদেরকে যে কোন ঝুঁকিপূর্ণ কাজে নিযুক্ত করা যাবে না যে কাজে শিশুর স্বাভাবিক বিকাশে বিঘ্নিত ঘটায়।

ধারা নং: ১৩: শিশুর জীবন কাহীনি (যেমন: অনাথ, এইডস্ আক্রান্ত, হয়রানীর শিকার ইত্যাদি) বলার সময় শিশুর গোপনীয়তা এবং নিরাপত্তার বিষয়ে অতিরিক্ত সচেতনতা রক্ষা করতে হবে।

ধারা নং: ১৪: শিশু নির্যাতনে আইনানুগ অভিযুক্ত বা দোষী সাব্যস্ত কোন ব্যক্তিকে চাকরিতে নিয়োগ দেওয়া যাবে না।

ধারা নং: ১৫: কর্মরত অবস্থায় কর্মী কোন প্রকার শিশু নির্যাতনে অভিযুক্ত হলে চূড়ান্ত নিস্পত্তি না হওয়া পর্যন্ত চাকরি থেকে অব্যাহতি নেওয়া যাবে না এবং যাবতীয় পাওনাদি দাবি করতে পারবে না।

ধারা নং : ১৬: শান্তিমিত্র সমাজকল্যাণ সংস্থা প্রকল্প পরিদর্শনকারীকে শন্তি মিত্র সমাজকল্যাণ সংস্থা এর শিশু নিরাপত্তা নীতিমালার বিষয়ে সচেতনতা প্রদান করতে হবে।

ধারা নং ১৭: কর্মসূচি পরিকল্পনা করার সময় শিশুদের বিষয়টি বিশেষভাবে দৃষ্টি রাখতে হবে।

ধারা নং: ১৮: কাজ সম্পর্কিত শিশুদের ছবি ব্যবহার বিষয়ে নির্দেশাবলী

ধারা নং: ১৮.১: কোন শিশুর ছবি তুলতে বা চলচ্চিত্র তৈরীর পূর্বে স্থানীয় সামাজিক প্রথা এবং প্রচেষ্টার বিষয়টি মানিয়ে নিতে হবে।

ধারা নং: ১৮.২: শিশুর ছবি, চলচ্চিত্র, ভিডিও, ডিভিডি মর্যাদাপূর্ণ এবং সম্মানজনকভাবে প্রদর্শন করতে হবে; নিঃস্ব অসহায়ভাবে নয় বরং বিনম্রভাবে প্রদর্শন করতে হবে।

ধারা নং: ১৮.৩: ছবি তোলার সময় শিশুদের পূর্ণ শরীরে কাপড়চোপড় পরাতে হবে এবং কোনভাবে যৌন উদ্দীপক ভঙ্গিতে প্রদর্শন করা যাবে না।

ধারা নং: ১৮.৪: ছবি তোলা বিষয়টির সৎ উদ্দেশ্য এবং সঠিক তথ্য উপস্থাপন করতে হবে।

ধারা নং: ১৮.৫: কোন নির্যাতিত শিশুর ছবি ইলেক্ট্রনিক মাধ্যমে প্রেরণ করার সময় ব্যক্তি পরিচয়গত তথ্য যেন প্রকাশ না পায় তা নিশ্চিত করতে হবে।

অঙ্গীকারনামাঃ

আমি শান্তিমিত্র সমাজকল্যাণ সংস্থার 'শিশু সুরক্ষা নীতিমালা' বিস্তারিত পড়েছি। এমতাবস্থায় আমি অঙ্গীকার করছি যে, কর্মকালীন/চাকুরীকালীন আমি প্রতিষ্ঠানের শিশু সুরক্ষা নীতিমালার সকল নিয়ম কানুন মেনে চলবো। অন্যথায় সংস্থা যে ব্যবস্থা গ্রহন করবে তা গ্রহণ করতে বাধ্য থাকব।

সাক্ষী	অঙ্গীকারকৃত কর্মকর্তা
স্বাক্ষর	স্বাক্ষর
নাম:	নাম:
তারিখ:	তারিখ:

বি.দ্রঃ তিন কপি ফরম পূরণ করা হবে। এক কপি ব্যক্তিগত বিভাগ, এক কপি সর্ম্পকিত কর্মকর্তা/মানব সম্পদ কর্মকর্তা/ নির্বাহী পরিচালক, এক কপি হিসাব বিভাগে থাকবে)।